# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১২০০ [আন্তর্জাতিক নাম্বারঃ ১২০১]

পর্ব-১৩: সাহূ (ভুল) (كِتَاب السَّهْوِ)

পরিচ্ছেদঃ ১১: সালাতে ডানে-বামে তাকানোর অনুমতি

## بَاب الرُّخْصَةِ فِي الِالْتِفَاتِ فِي الصَّلَاةِ يَمِينًا وَشِمَالًا

আরবী

أَخْبَرَنَا قُتَيْبَةُ، قَالَ: حَدَّثَنَا اللَّيْثُ، عَنْ أَبِي الزُّبَيْرِ، عَنْ جَابِرٍ، أَنَّهُ قَالَ: اشْتَكَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَصَلَّيْنَا وَرَاءَهُ وَهُوَ قَاعِدٌ، وَأَبُو بَكْرٍ يُكَبِّرُ يُسْمِعُ النَّاسَ تَكْبِيرَهُ، فَالْتَفَتَ إِلَيْنَا فَرَآنَا قِيَامًا، فَأَشَارَ إِلَيْنَا فَقَعَدْنَا، فَصَلَّيْنَا بِصَلَاتِهِ قُعُودًا، فَلَمَّا سَلَّمَ قَالَ: إِنْ كُنْتُمْ آنِفًا تَفْعَلُونَ فِعْلَ فَارِسَ وَالرُّومِ يَقُومُونَ عَلَى مُلُوكِهِمْ وَهُمْ قُعُودٌ فَلَا تَفْعَلُوا، ائْتَمُّوا بِأَئِمَّتِكُمْ إِنْ صَلَّى قَائِمًا فَصَلُّوا قِيَامًا، وَإِنْ صَلَّى قَاعِدًا فَصَلُّوا قُعُودًا .

تخریج دارالدعوه: صحیح مسلم/الصلاة ١٩ (٤١٣)، سنن ابی داود/الصلاة ٦٩ (٦٠٦) مختصراً، سنن ابن ماجہ/الإقامة ١٤٤ (١٢٤٠)، (تحفة الاشراف: ٢٩٠٦)، مسند احمد ٣/٣٣٤ (صحیح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1201 - صحيح

বাংলা

১২০০. কুতায়বাহ্ (রহ.) ..... জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) (একবার) অসুস্থ হলেন। আমরা তখন তার পশ্চাতে সালাত আদায় করছিলাম। তিনি তখন বসা অবস্থায় ছিলেন আর আবূ বকর (রাঃ) তাকবীর বলে মুসল্লীদেরকে তাঁর তাকবীর শুনাচ্ছিলেন। রাসূলুল্লাহ (সা.) আমাদের প্রতি লক্ষ্য করে আমাদেরকে দাঁড়ানো অবস্থায় দেখলেন। তিনি আমাদের প্রতি ইঙ্গিত করলে আমরা বসে গেলাম এবং তাঁর সাথে বসে বসে সালাত আদায় করলাম। যখন তিনি সালাম ফিরালেন তখন বললেন এখন তোমরা পারস্য (ইরান) এবং রোমানদের (তুর্কীদের) মতো কাজ করলে। তারা তাদের বাদশাহদের সামনে দাঁড়ানো থাকত আর বাদশাহরা থাকত বসা। অতএব, তোমরা সে রকম করবে না, তোমরা স্বীয় ইমামের অনুসরণ করবে। ইমাম যদি দাঁড়িয়ে

সালাত আদায় করেন, তবে তোমরাও দাঁড়িয়ে সালাত আদায় করবে, আর ইমাম যদি বসে সালাত আদায় করেন তবে তোমরাও বসে সালাত আদায় করবে।

## English

11. Concession Allowing One To Turn To The Right Or Left When Praying

It was narrated that Jabir said: The Messenger of Allah (ﷺ) was ill, and we prayed behind him while he was sitting, and Abu Bakr repeated his takbirs so that the people could hear them. He turned to us and saw us standing, so he gestured to us to sit down. So we prayed behind him sitting. When he said the salam he said: 'Just now you were doing what the Persians and Romans do for their kings when they are sitting. Do not do that. Follow your Imams: If they pray standing then pray standing, and if they pray sitting then pray sitting.'

### ফুটনোট

সহীহ: মুসলিম (১/৮৪/৩০৯), আবু দাউদ ৬০৬, ইবনু মাজাহ ১২৪০, বুখারী ৯৪৮, সহীহ ইবনু খুযায়মাহ ৪৮৬। [দ্রঃ ৭৯৮]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87594

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন